

ডব্লিউ. ডব্লিউ. হান্টারের 'এ স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্ট অব বেঙ্গল' অনুযায়ী ১৮৭২ সালের জনগণনার সময় পুলিশী প্রশাসনের দৃষ্টিভঙ্গী থেকে মুর্শিদাবাদ জেলাকে ২৫টি পুলিশ সার্কেল বা থানায় ভাগ করা হয়। সে সময় মুর্শিদাবাদ জেলায় তিন ধরনের পুলিশ ছিল, নিয়মিত বা জেলা পুলিশ, মিউনিসিপ্যাল পুলিশ ও গ্রামীণ চৌকিদার বা গ্রামীণ পুলিশ।

স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্ট অনুযায়ী জেলা পুলিশের কর্তা ছিলেন ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট নামে একজন ইউরোপীয় অফিসার। তাঁকে সহায়তা করতেন অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট নামে আর একজন ইউরোপীয় আধিকারিক। তিনি ছাড়া জেলায় ছিলেন আরও ৯ জন উচ্চপদস্থ আধিকারিক। অধস্তন আধিকারিক ছিলেন ১৩০ জন। জেলা পুলিশের সর্বস্তরের আধিকারিক ও কর্মীসহ মোট কর্মীসংখ্যা ছিল ৬৮২।

২ জন	উচ্চপদস্থ ইউরোপীয় আধিকারিক	মোট বেতন ৮৫০ টাকা
৯ জন	অধস্তন আধিকারিক	মোট বেতন ১০০ টাকা
১৩০ জন	অধস্তন আধিকারিক	মোট বেতন ৩৩ টাকা
		১১ আনা ৩ পয়সা
৫৪১ জন	পদাতিক কনস্টেবল	মোট বেতন ৬ টাকা
		১৪ আনা ১১ পয়সা

স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্ট অনুযায়ী সে সময় মিউনিসিপ্যাল

পুলিসের মোট শক্তি ছিল ১৭ জন আধিকারিক ও ৩৩৩ জন সাধারণ পুলিশ। সেসময় জেলায় পৌরশহর ছিল ৫টি। মুর্শিদাবাদ নগর, বহরমপুর, কান্দী, জঙ্গীপুর ও দৌলতাবাদ। মিউনিসিপ্যাল পুলিশ সর্বমোট ১,০২,২০০ জনসংখ্যার সুর(ার বন্দোবস্ত করত।

গ্রামীণ পুলিশ বা চৌকিদারী পুলিশের সংখ্যা ছিল ৫৩১৫। এর জন্য বার্ষিক ব্যয় হত ১,৮১,২০২ টাকা এবং তা নির্বাহ করতেন স্থানীয় জমিদার বা গ্রামবাসীরা। হান্টারের হিসাব অনুযায়ী প্রত্যেক গ্রামীণ চৌকিদার গড়ে ০.৪৮ বর্গমাইল এলাকার ৪৭ টি বাড়ি বা পরিবারের ২৫৪ জন বাসিন্দার সুর(ার দায়িত্ব পালন করত।

এছাড়া ১৮৭২ সালে ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট ও অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টের ভ্রমণ ভাতা বাবদ খরচ হয়েছিল ১৪০ টাকা ৮ আনা, দপ্তরের কনটিনজেন্সী ও অন্যান্য খরচ ছিল প্রতি মাসে ১১৭৩ টাকা এক আনা চার পয়সা। ঐ বছর মুর্শিদাবাদের জেলা পুলিশের জন্য সর্বমোট খরচ হয়েছিল মাসিক ১০,৭৪৯ টাকা ৯ আনা বা বার্ষিক ১২,৮৯৯ পাউন্ড ১০ শিলিং।